

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৫

বিলোনীয়া, ১২ এপ্রিল, ২০২৫

বিলোনীয়ায় দোল ও বসন্ত উৎসব অনুষ্ঠিত

তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং সৃজন ডান্স একাডেমির যৌথ উদ্যোগে গতকাল বিলোনীয়া টাউনহল প্রাঙ্গণের মুক্তক্ষেত্রে বিলোনীয়া মহকুমা ভিত্তিক দোল ও বসন্ত উৎসব-২০২৫ অনুষ্ঠিত হয়। উপস্থিত ছিলেন বিলোনীয়া পুর পরিষদের চেয়ারপার্সন নিখিল চন্দ্র গোপ, বিলোনীয়ার সৃজন ডান্স একাডেমির কর্ণধার রাহুল মজুমদার এবং অন্যান্য অতিথিগণ। বসন্ত ও দোল উৎসবের তাৎপর্য ব্যাখ্যা করে অতিথিগণ বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য রাখেন বরিশ্ঠ তথ্য আধিকারিক রাজেশ দেবনাথ। পরিবেশিত হয় দোল উৎসব ও বসন্ত ঋতু বিষয়ক সাংস্কৃতিক অনুষ্ঠান।
